শহিদ শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী মেহেরপুরে নানা আয়োজন

আজ শুক্রবার(৫ আগস্ট)সর্বকালের সর্বশ্রেষ্ঠ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী ।

১৯৪৯ সালের এই দিনে তিনি তদানীন্তন গোপালগঞ্জ মহকুমার টুঙ্গীপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন।

ক্রীড়া সংগঠক ও বীর মুক্তিযোদ্ধা শেখ কামাল ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাতে মাত্র ২৬ বছর বয়সে জাতির পিতার হত্যাকারী মানবতার ঘৃণ্য শত্রুদের নির্মম-নিষ্ঠুর বর্বরোচিত হত্যাযজ্ঞের শিকার হয়ে শাহাদাত বরণ করেন।

এ উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসন, বাংলাদেশ আওয়ামীলীগ অঙ্গ সংগঠণ, বিভিন্ন সামাজিক সংগঠণ ও সকাল সাড়ে ৯ টার সময় মেহেরপুর জেলা প্রশাসন চত্ত্বরে প্রতিষ্ঠিত শেখ কামালের প্রতিকৃতিতে জেলা প্রশাসক ও বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর জেলা শাখার তরফ থেকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি শ্রদ্ধা নিবেদন ও পুষ্পস্তবক অর্পণ করেছেন।

দিনটি উপলক্ষে জেলা প্রশাসন, মেহেরপুর জেলা আওয়ামীলীগ ও তার সহযোগী সংগঠনগুলো বিশেষ কর্মসূচি গ্রহণ করেছে।

সকাল সাড়ে ৯ টায় মেহেরপুর জেলা প্রশাসন শহিদ শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেছে জেলা প্রশাসক, পুলিশ বিভাগ, আওয়ামী লীগ। সেখানে দোয়া মোনাজাত করা হয়। সকাল ১০ টার সময় তার জীবনি উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

এছাড়া বিভিন্ন ক্রীড়া ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠন যথাযথ মর্যাদায় দিবসটি পালন করতে নানাবিধ কর্মসূচি পালন করবে।

শহিদ শেখ কামাল বাংলাদেশ ছাত্রলীগের একজন নিবেদিত, সংগ্রামী,

বিশ্ববিদ্যালয়ের ‘ব্লু’ খেতাবপ্রাপ্ত দেশবরেণ্য অ্যাথলেট সুলতানা খুকুর সঙ্গে তার বিয়ে হয়।

১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদাত বরণের সময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের এমএ শেষ পর্বের পরীক্ষার্থী ছিলেন এবং বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগের অঙ্গ-সংগঠন জাতীয় ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ছিলেন।

তিনটি হত্যাসহ একাধিক মামলার আসামী কৃষকলীগের সভাপতি। সমালোচনার ঝড়

তিনটি হত্যা, হত্যা প্রচেষ্টা মামলায় সাজাপ্রাপ্ত, চুরিসহ একাধিক মামলার আসামী আতিয়ার রহমান গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি নির্বাচিত হয়েছেন। আর সভাপতি নির্বাচিত হওয়ায় এলাকায় আবারও শুরু হয়েছে আতংক।

তবে, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক ও জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন বললেন তার বিরুদ্ধে দায়ের হওয়া মামলা ষড়যন্ত্রমুলক।

দীর্ঘ ৫ বছর পর গত ২৯ জুলাই শুক্রবার বিকেলে গাংনী পাইলট হাইস্কুল অ্যান্ড কলেজ চত্বরে সম্মেলন শেষে রাতে কমিটি গঠণ প্রক্রিয়া শুরু হয়। রাত ৮ টা থেকে শুরু হয়ে রাত ২ টা পর্যন্ত ভোট গ্রহণ চলে। ৩৫০ জন কাউন্সিলর ভোট প্রদান করেন।

কাউন্সিলে কেন্দ্রীয় ও স্থানীয় কৃষকলীগের নেতৃবৃন্দ ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সাধারণ সম্পাদক এম এ খালেকসহ আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দের উপস্থিত ছিলেন।
কমিটিতে আতিয়ার রহমানকে সভাপতি ও মশিউর রহমান পলাশকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে।

একটা রাজনৈতিক দলের সহযোগী সংগঠণের সভাপতি হয় এর চেয়ে খারাপ কিছু হতে পারেনা। ভবিষ্যাতে এর খারাপ ফল রাজনীতিবিদদেরই ভোগ করতে হবে।

মেহেরপুর জেলা সুজনের সাধারণ সম্পাদক সৈয়দ জাকির হোসেন বলেন, রাজনীতিতে ফ্রেস এবং নির্ভেজাল মানুষকে নেতৃত্ব দেওয়া উচিৎ। হত্যা মামলার একজন আসামীকে রাজনৈতিকভাবেই বেমানান দেখাবে। তাকে মানা না মানা নিয়ে রাজনৈতিক দলের মধ্যেই কথা উঠবে। এছাড়া ভবিষ্যতে রাজনৈতিক বিশৃংখলা দেখা দেবে।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, কৃষকলীগের আলাদা গঠনতন্ত্র রয়েছে। গঠণতন্ত্র মোতাবেক কেন্দ্রীয় ও জেলা নেতাদের উপস্থিতিতে কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে। ৩৫০ জন কাউন্সিলরের মধ্যে সর্বোচ্চ ভোট পেয়ে আতিয়ার রহমান সভাপতি নির্বাচিত হয়েছে। হত্যাসহ ৮ মামলার আসামি কিভাবে কৃষকলীগের সভাপতি হলেন? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আতিয়ারের বিরুদ্ধে ষড়যন্ত্র করে এসকল মামলা করা হয়েছে।

জেলা কৃষক লীগের সাধরণ সম্পাদক ওয়াসিম সজ্জাদ লিখনও অভিন্ন সুরে বলেন,আতিয়ারের বিরুদ্ধে ষড়যন্ত্রের শিকার হয়ে মামলার আসামি হয়েছেন। কাউন্সিলদের প্রত্যক্ষ ভোটে তাকে সভাপতি নির্বাচিত হয়েছেন।

প্রতিষ্ঠা পেতে যাচ্ছে জয়বাংলা সাইবার টিমের কার্যক্রম

জয়বাংলা সাইবার টিমের প্রতিটি সদস্যই হবে প্রধানমন্ত্রীর নিজস্ব সাংবাদিক। দেশের প্রতিটি উন্নয়ন, সমস্যা, সম্ভাবনা, ইতিহাস, ঐতিহ্য, মহান স্বাধীনতা, মুক্তিযুদ্ধ, গৌরবগাঁথা ইতিহাস সব কিছুর প্রতিচ্ছবি তুলে আনবে জয়বাংলা সাইবার টিমের সদস্যরা।

তথ্য প্রযুক্তির উপযুক্ত ব্যবহারের মাধ্যমে সরকারের মেগা প্রকল্পগুলোর উন্নয়ন চিত্র তুলে ধরার পাশাপাশি দেশের আনাচে

প্রতিনিয়ত তুলে ধরছে। বিষয়টি এখন আর শুধু আমার এলাকায় নয়, এটি বাংলাদেশ আওয়ামী লীগের নজরে এসেছে।

গত ৩০ ডিসেম্বর ২০২১ সালে বাংলাদেশ আওয়ামীলীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির এক সভায় বিষয়টি উত্থাপন হয়েছে। প্রচার ও প্রকাশনা উপকমিটির সভাপতি ড. আব্দুস সোবহান গোলাপ এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত ওই সভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

ওই মিটিং থেকে সিদ্ধান্ত হয়েছে দেশের প্রতিটি সংসদীয় এলাকায় সংসদ সদস্যের তত্বাবধানে সাইবার টিমে সম আদর্শের ১০০ জন তরুণ সদস্য থাকবে।সাইবার টিমের সদস্যরা সকলের সমন্বয়ে ফেইসবুক, ইউটিউব, হোয়াটসআপ, প্লাটফর্মে গ্রুপ ভিত্তিক কাজ করবে। আওয়ামী লীগ সরকারের উন্নয়ন ও আগামীর ভিশন সম্পর্কে জনসাধারণকে বারংবার অবগতকরণ এবং দেশ বিরোধী অপশক্তির অপপ্রচার রোধ ও মোকাবিলা করতে শক্তিশালী টিম হিসেবে কাজ করবে সাইবার টিম।

এজন্য বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার প্রকাশনা সম্পাদক ড. আব্দুস সোবহান গোলাপ এমপি একটি পত্র দিয়েছেন স্থানীয় সংসদ সদস্যদের। সেখানে বলা হয়েছে নির্বাচনী এলাকার ১০০ জন শিক্ষিত, মার্জিত, গ্রহণযোগ্য, রাজনৈতিকভাবে আওয়ামী আদর্শের এবং কর্মঠ অনলাইন কর্মীর তালিকা, মোবাইল ও ইমেইল নম্বরসহ বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতির রাজনৈতিক কার্যালয়ের ঠিকানা প্রচার ও প্রকাশনা উপকমিটি বরাবর পাঠানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করেছেন।

মেহেরপুরে হেরোইনসহ জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা আটক

মেহেরপুর জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা ও তার দুই সহযোগীকে হেরোইনসহ আটক করেছে ৬ বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)

ঝাঁঝাঁ ক্যাম্পের সদস্যরা।

আটকরা হলেন, জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা মেহেরপুর শহরের বেড়পাড়া এলাকার সিরাজুল ইসলামের ছেলে, শহরের নতুন পাড়া এলাকার আবুল কাশেমের ছেলে লালন শেখ ও বেড় পাড়া এলাকার নুরুল ইসলামের ছেলে ইসরাফিল। গতকাল সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে আটকের পর রাত সাড়ে নয়টার দিকে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়। আটকের সময় বিজিবি সদস্যরা তাদের কাছ থেকে ৬.৬ গ্রাম হেরোইন উদ্ধার করেছে।

ঝাঁঝা বিজিবি ফাঁড়ির নায়েব সুবেদার জামাল হোসেন জানান, বিজিবি’র একটি টহল দল হরিরামপুর এলাকায় টহল থাকাকালীন সময়ে জুয়েল, লালন এবং ইস্রাফিলকে সন্দেহজনক ভাবে ঘোরাফেরা করতে দেখে। এসময় বিজিব সদস্যরা তাদের চ্যালেঞ্জ করে। প্রথম দিকে নিজেদেরকে তাঁতী লীগের সাধাণ সম্পাদক পরিচয় দিয়ে বিজিবির উপর চড়াও হয়। পরে বিজিবি তাদের চড়াওকে পাত্তা না দিলে অবস্থা বেগতিক দেখে পালানোর চেষ্টা করে।

বিজিবি সদস্যরা তাদেরকে ধাওয়া আটক করেন। এসময় তাদের কাছ থেকে ৬.৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।. এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দিয়ে পুলিশে হস্তান্তর করেছে।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দীন আহম্মেদ জানান, বিজিবির পক্ষ থেকে মামলা দেয়া হয়েছে এটি এফআইআরভুক্ত হতে প্রক্রিয়াধীন।

উল্লেখ্য, এর আগে ২০২০ সালের ১৩ অক্টোবর মেহেরপুর শহরের ফুলবাগানপাড়ার একটি বাড়িতে চুরির মামলায় জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানার দুই বছর সাজা দেন আদালত। সে মামলায় উচ্চ আদালত থেকে জামিনে রয়েছেন জুয়েল রানা।

চুয়াডাঙ্গায় বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিক পালন

চুয়াডাঙ্গায় বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিক বিভিন্ন আয়োজনের মধ্যদিয়ে পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ছয়টার সয়ম ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের কার্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পণ করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

এ সময় জাতীয় পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নাসির উদ্দিন আহমেদ এবং দলীয় পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন।

এরপর বিকাল সাড়ে তিনটার সময় চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের পক্ষে থেকে বিশাল এক র্যালি রের করা হয় এবং শহরের বিশেষ বিশেষ স্থান ঘুরে আবার জেলা আওয়ামী লীগের অফিস এসে র্যালিটি শেষ হয়।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা ১আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন শারীরিক ভাবে অসুস্থ ও ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় থাকার কারণে র্যালিটি নেতৃত্ব দেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন।

এ সময় চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্মসাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন বলেন,প্রতিবছরের মতো এবারও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ বিস্তারিত কর্মসূচির মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করবে। জনগণই আওয়ামী লীগের মূল শক্তি। প্রতিষ্ঠার পর থেকে এ ভূখণ্ডে প্রতিটি প্রাপ্তি ও অর্জন সবই আওয়ামী লীগের নেতৃত্বেই হয়েছে।

এ সময় তিনি আরও বলেন, মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষা থেকে শুরু

করে আজ পর্যন্ত বাঙালির অর্জন এবং বাংলাদেশের সব উন্নয়নের মূলেই রয়েছে আওয়ামী লীগ। জননেত্রী শেখ হাসিনার হাত ধরে দলের নেতাকর্মীদের মেধা, পরিশ্রম, ত্যাগ ও দক্ষতায় আওয়ামী লীগ আরও গতিশীল হবে এবং বাংলাদেশ এগিয়ে যাবে। বাঙালি জাতির প্রতিটি মহৎ, শুভ ও কল্যাণকর অর্জনে আওয়ামী লীগের ভূমিকা রয়েছে।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, চুয়াডাঙ্গা জেলা ছাএলীগের সাবেক সভাপতি অনিক জোয়ার্দ্দার, চুয়াডাঙ্গা জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক রিপন মোল্লা, চুয়াডাঙ্গা রেড ক্রিসেন্টে সোসাইটির ইউনিটের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা মহিলা লীগের নেতৃবৃন্দ,চুয়াডাঙ্গা জেলা ছাএলীগের নেতৃবৃন্দ সহ বিভিন্ন ইউনিট থেকে আগত আওয়ামী লীগ ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে যুবলীগের খাবার বিতরণ

বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে যুবলীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে দুস্থ ও পথচারীদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে পৌর কমিউনিটি সেন্টারের সামনে মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন খাবার বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক ও সাবেক ছাত্র নেতা শহীদুল ইসলাম পেরেশান, জেলা যুবলীগের অন্যতম সদস্য সাবেক ছাত্রনেতা সাজাদুর রহমান সাজু, ইয়ানুস আলী, মহাবুব হাসান ডালিম, সাইদুর রহমান উজ্জল, শারাফ উদ্দিন রিপন সহ উপস্থিত ছিলেন জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মাসুদ রানা সহ জেলা যুবলীগ এবং

মেহেরপুরে আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।
৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী সকাল ১০ টার দিকে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।
বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনের সামনে জাতীয় সংগীতের মাধ্যমে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন নেতৃবৃন্দ। পরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।
মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক এমএ খালেক, সহ-সভাপতি এডভোকেট মিয়াজান আলী, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, আবদুল মান্নান, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন উপস্থিত থেকে পতাকা উত্তোলন এবং পুষ্পমাল্য অর্পণ করেন। পরে সেখানে মেহেরপুর পৌর আওয়ামী লীগ, জেলা যুব মহিলা লীগ, ছাত্রলীগের পক্ষ থেকে পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করা হয়।
এসময় অন্যদের মধ্যে মেহেরপুর পাবলিক প্রসিকিউটর (পিপি) পল্লব ভট্টাচার্য, আওয়ামী লীগ নেতা অ্যাডভোকেট খন্দকার আবদুল মতিন, মহিলা আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য শামীম আরা হীরা, সদর উপজেলা আওয়াামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান মোমিনুল ইসলাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, নবগঠিত শ্যামপুর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান ও জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহ্বায়ক মতিউর রহমান মতি, নবনির্বাচিত

পৌর কাউন্সিলর রোকসানা কামাল, জেলা যুব মহিলা লীগের সভানেত্রী সামিউন বাসিরা পলি প্রমুখ।

গাংনীতে আওয়ামীলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বাংলাদেশ আওয়ামীলীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা আওয়ামীলীগ অডিটোরিয়াম হল রুমে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।

বাংলাদেশ আওয়ামীলীগের ৭৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সাংসদ ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেসুর রহমান মুকুলের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন এমপি পত্নী লাইলা আরজুমান বানু শিলা,আওয়ামীলীগ নেতা মনিরজ্জামান আতু,সাবেক ছাত্রলীগ নেতা সাইফুজ্জামান শিপু,ধানখোলা ইউনিয়ন স্বেচ্ছা সেবক লীগের সভাপতি আবুল বাসার,মহিলা লীগ নেতৃ জাকিয়া সুলতানা প্রমুখ।

অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন এলাকা থেকে আওয়ামীলীগের নেতাকর্মী,ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। মোনাজাত পরিচালনা করেন সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

[redacted]

[redacted]

আন্দোলনে ঝাপিয়ে পরে মুক্তিকামী বাঙালী জনতা। আগামী জাতীয় সংসদ নির্বাচনে আমাদের দলকে এগিয়ে নেয়ার জন্য আমাদের সকলে একত্রে হয়ে কাজ করে যেতে হবে। জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের দেশকে এগিয়ে নেয়ার জন্য যে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তাকে সহযোগিতার করার জন্য আমরা আওয়ামীলীগের পতাকা তলে কাজ করে যাব। স্বপ্নের পদ্মা সেতু হওয়ার ফলে আমাদের মেহেরপুর সহ সমগ্র দক্ষিণাঅঞ্চল ব্যবসায়িক জোন হিসাবে প্রতিষ্ঠা পাবে বলে আমরা আশা করি।

সর্বশেষে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানসহ সকল শহীদদের “আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

মুক্তিযুদ্ধের পঞ্চাশ বছর পরেও বঙ্গবন্ধুর খুনিরা এদেশে ভোট করে

বাংলাদেশ আওয়ামী যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক বাবু সুব্রত পাল বলেছেন, বাংলাদেশের ইতিহাসের সাথে মেহেরপুর জেলা জড়িত।বঙ্গবন্ধুর ডাকে নয় মাসের মুক্তিযুদ্ধের সশস্ত্র লড়াই সংগ্রামের মাধ্যমে এদেশ স্বাধীন হয়েছে। মুক্তিযুদ্ধের পঞ্চাশ বছর পর এসে বঙ্গবন্ধুর খুনিরা এদেশে নির্বাচনে দাড়াই। বঙ্গবন্ধুর হত্যাকারীর পরিবার আত্মীয় সবাই বঙ্গবন্ধুর এই বাংলাদেশে নির্বাচন করে। দেশবাসি হতবাক হয়ে পড়ে তাদের আস্ফালন দেখে। এখন থেকে তাদের চিহিৃত করে বয়কট করতে হবে। যুগে যুগে খুনি মুস্তাকের লোকজন ছিল, আগামীতেও থাকবে।তাদের ব্যাপারে শতর্ক থাকতে হবে।

মেহেরপুর পৌর নির্বাচনে আওয়ামী লীগের মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটনের নির্বাচনী জন সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

মেহেরপুর পৌর সভায় আওয়ামী লীগের মনোনীত মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটনের বিজয় নিশ্চিত করতে কেন্দ্রীয় যুবলীগের নির্বাচনী

কর্মী সভা জেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হয়।

জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সভায় প্রধান বক্তা ছিলেন, কেন্দ্রীয় আওয়ামী যুবলীগের সাংগঠনিক সম্পাদক এ্যাড ড. শামীম আল সাইফুল সোহাগ।

জেলা যুবলীগের আহ্বায়ক কমিটির সদস্য সাজেদুর রহমান সাজুর সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, কেন্দ্রীয় আওয়ামী যুবলীগের কার্যনির্বাহী সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ, তারিক আল মামুন, শাহরিয়ার কবির, ড. মোঃ জাভিদ ইকবাল বাঙালি, শেখ মোঃ ফাইজুল মবীন, এ্যাড. জাহাঙ্গীর আলম, জাকিরুল ইসলাম, জুবায়ের আহমেদ প্রমুখ।

মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মাহফুজুর রহমান রিটন, যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, সদস্য মাহবুব হাসান ডালিম, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাঁদু, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক শফিক কামাল পলাশ, যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়া, গাংনী পৌর যুবলীগের সভাপতি কামাল হোসেন, যুগ্ম সম্পাদক শহিদুজ্জামান সুইট প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে বাবু সুব্রত পাল আরও বলেন, বিশ্ব দরবারে অর্থনৈতিকভাবে এদেশ এগিয়ে গেছে। বাংলাদেশ এখনে উন্নয়নে বিশ্বের রোল মডেল। সুমদ্র ও মহাকাশ বিজয়ের মাধ্যমে বাংলাদেশ দাঁড়িয়েছে উচ্চ আসনে।

বর্তমান সরকারের সময়ে মেহেরপুরে ব্যাপক উন্নয়ন হয়েছে।শুধু মেহেরপুর জেলায় নয়, উন্নয়ন হয়েছে সারা দেশে। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সারাবিশ্বকে চ্যালেঞ্জ করে এখন পদ্মা সেতু উদ্বোধন হচ্ছে। মেহেরপুরে নৌকার প্রার্থী পরাজয় মানে বাংলাদেশ আওয়ামী লীগের, বঙ্গবন্ধু ও তার কন্যা শেখ হাসিনার পরাজয়।তাই সবাইকে দিধা দ্বন্দ্ব ভুলে নৌকার প্রার্থী মাহফুজুর রহমান রিটনকে বিজয়ী করে ঘরে ফিরতে হবে।

প্রধান অতিথির বক্তব্যে তিনি আরও বলেন, নৌকাকে পরাজিত করা মানে বঙ্গবন্ধু ও শেখ হাসিনাকে পরাজিত করা। এটা বঙ্গবন্ধুর ও শেখ হাসিনার প্রতিক। আজকে আপনি যদি নৌকাকে পরাজিত করেন আগামীতে আপনি

নৌকা নিয়ে আসলেও আপনীও পরাজিত হবেন।

উন্নয়নের মহাসড়কে এখন বাংলাদেশ। ফোর লেন রাস্তা, রাজধানীতে ফ্লাইওভার, মেট্রোরেলসহ নানা ধরণের উন্নয়ন হয়েছে। এদেশের মানুষের মাথাপিছু আয় বেড়েছে। দেশের উন্নয়ন সব কিছু সম্ভব হয়েছে শেখ হাসিনার জন্যই।

শেখ হাসিনা জেনে শুনে বুঝেই রিটনকে মনোনীত করেছেন। অতএব তাকেই ভোট দিয়ে বিজয়ী করতে হবে।

নৌকার বিজয় নিশ্চিত করতেই আগামীকাল যুবলীগের সাধারণ সম্পাদক মেহেরপুর আসবেন। তিনি বলেছেন, মেহেরপুর পৌরবাসিকে উন্নত জীবন এনে দিয়েছেন। মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটন। এছাড়াও এসময় জেলার বিভিন্ন ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাধারণ সম্ পাদকসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে কেন্দ্রীয় যুবলীগের নেতৃবৃন্দ মেহেরপুর শহরের হোটেল আটলান্টাতে পৌছালে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দুসহ যুবলীগের স্থানীয় নেতা কর্মীরা তাদের ফুল দিয়ৈ বরণ করে নেন।